কালের কণ্ঠ

তারিখ ...26 FEB 2016...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

# তিতুমীর কলেজ ছাত্রাবাসে হামলা, আহত ১৮

নিজস্ব প্রতিবেদক ▷

**অভিযোগ ছাত্রলীগের প্রতি**

রাজধানীর সরকারি তিতুমীর কলেজের অধ্যক্ষের অপসারণ দাবিসহ বিভিন্ন দাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর গতকাল বৃহস্পতিবার সকালে ছাত্রলীগের নেতাকর্মীদের হামলায় ১৮ জন আহত হওয়ার অভিযোগ উঠেছে। তবে হামলার অভিযোগ অস্বীকার করে ছাত্রলীগ দাবি করেছে, ছাত্রাবাসে অবস্থানরত বিভিন্ন এলাকার শিক্ষার্থীদের বিরোধের জের ধরে মারামারির ঘটনা ঘটেছে। আহত ছাত্ররা হাসপাতালে দাবি করে, ছাত্রলীগ নেতাকর্মীরা ধারালো অস্ত্র ও লোঠিসোঁটা নিয়ে ছাত্রাবাসে হামলা চালায়। ওই সময় চাপাতির কোপে অন্তত চারজন এবং পিটুনিতে আরো ১৪ জন আহত হয়। গুরুতর আহত গোলাম কিবরিয়া, আবদুল মোতালেব, শাহ আলম ও নাজমুলকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। বাকিদের কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, আয়েশা মেমোরিয়াল, লাইফ লাইনসহ অন্যান্য হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতরা হাসপাতালে বলে, আন্দোলনে জড়িত থাকায় ছাত্রলীগের নেতাকর্মীরা তাদের মারধর করে।

এ প্রসঙ্গে তিতুমীর কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক মানিক হোসেন বলেন, ছাত্রাবাসে থাকা বিভিন্ন অঞ্চলের শিক্ষার্থীরা আধিপত্য বিস্তার নিয়ে নিজেদের মধ্যে মারামারি করেছে। এতে ছাত্রলীগের কোনো সম্পৃক্ততা নেই।

পুলিশ ও কলেজ সূত্র জানায়, তিতুমীর কলেজে চতুর্থ বর্ষের ফরম পূরণ, সেশন ফিসহ বিভিন্ন খাতে বাড়তি অর্থ আদায়ের প্রতিবাদে সাত দিন ধরে আন্দোলন করে আসছিল সাধারণ শিক্ষার্থীরা। দুর্নীতির অভিযোগে কলেজটির অধ্যক্ষ আবু হায়দার আহমেদ নাসেরের অপসারণও দাবি করে তারা। গত বুধবারও তাদের কর্মসূচিতে ছাত্রলীগের হামলায় অন্তত ১০ জন আহত হয়।